অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এলমিরাতে 41 ইউনিটের সাশ্রয়ী ও সমর্থক আবাসনের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টস চারটি খালি ঐতিহাসিক ভবনকে সাশ্রয়ী ও শক্তি দক্ষ বাসস্থানে রূপান্তরিত করেছে

ব্লাইট অপসারণ এবং আবাসনের বিকল্প বৃদ্ধির মাধ্যমে এলমিরার 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ কৌশলকে অগ্রসর করে

বিনিয়োগটি "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক, এটি সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতির বিকাশ করার জন্য অঞ্চলটির একটি সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজকে এলমিরা সিটিতে রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসের (Reynolds Way Apartments) কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন। বিচ্ছিন্ন সাইট ডেভেলপমেন্টটি চারটি ঐতিহাসিক ভবনকে 41টি অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করেছে, যার মধ্যে 13টিতে সমর্থক সেবা রয়েছে। এলমিরার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) অভীষ্ট এলাকায় অবস্থিত ডেভেলপমেন্টটি ঐতিহাসিক সম্পত্তি পুনঃস্থাপন করা এবং ডাউনটাউন আবাসনের বিকল বৃদ্ধি করার জন্য সিটির লক্ষ্য অর্জনে সাহায্য করে।

"সম্প্রদায়সমূহকে সংজ্ঞায়িত করা ঐতিহাসিক সম্পত্তির সংস্কার করার মাধ্যমে আমরা আমাদের সম্প্রদায়সমূহে নতুন প্রাণ সঞ্চার করছি, বাসিন্দা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য এলাকাগুলির উন্নতি করছি," **গভর্নর হোকল বলেন।** "রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসের রূপান্তর হলো এলমিরার ডাউনটাউন স্টেটের বহু বছরের বিনিয়োগের অনুবর্তী, যা মানুষের জীবন উন্নত করছে এবং সকলের জন্য আরো বলীয়ান সম্প্রদায় গঠন করছে।"

গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) শেমাঙ্গ কাউন্টিতে প্রায় 300 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টস এই প্রয়াসকে অব্যাহত রাখতে এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার সম্পূরক যা পুরো নিউ

ইয়র্কে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসে রয়েছে অ্যাপার্টমেন্টস, টাউনহোমস, ওয়্যারহাউজ, এবং স্টোয়েল হাউজ নামে পরিচিত চারটি পূর্বে খালি থাকা ভবন, এর সবগুলি ডাউনটাউন এলমিরাতে একে অন্যের থেকে এক ব্লক দূরত্বের মধ্যে অবস্থিত। ব্লাইটের বিভিন্ন পর্যায়ের সম্মুখীন হওয়া চারটি ভবনের প্রত্যেকটিকে সম্পূর্ণরূপে পুনর্বাসিত করা হয়েছে।

চারটি ভবন হলো এলমিরা সিভিক ঐতিহাসিক জেলার (Elmira Civic Historic District) অন্তর্ভুক্ত এবং স্টোয়েল হাউজ এবং ওয়্যারহাউজ উভয়ই স্বতন্ত্রভাবে ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নিবন্ধনে (State and National Registers of Historic Places) তালিকাভুক্ত আছে।

ডেভেলপমেন্টটিতে পাঁচটি স্টুডিও, 30টি এক শয়নকক্ষের এবং ছয়টি দুই শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট রয়েছে। 41টি অ্যাপার্টমেন্টের সবগুলি এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ পর্যন্ত উপার্জন করা গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে হবে।

13টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে গৃহহীনতায় ভুগতে থাকা পরিবারের জন্য, যাদের কাছে এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে সমর্থক সেবা ও ভাড়ার ভর্তুকি পাওয়ার সুযোগ থাকবে যা নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (New York State Office of Temporary and Disability Assistance) কর্তৃক পরিচালিত হয়।

সকল ভবনে অত্যন্ত দক্ষ হিট ও এয়ার কন্ডিশনিং ব্যবস্থা ব্যবহার করা সম্পূর্ণ ডেভেলপমেন্টটি এনভায়রনমনেটাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) এর এনার্জি স্টার® (ENERGY STAR) মাল্টিফ্যামিলি নতুন নির্মাণ (Multifamily New Construction) এবং এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ (Enterprise Green Communities) প্রত্যয়ন পেয়েছে।

নির্মাতা এবং সমর্থক সেবা প্রদানকারী হলো আর্বার হাউজিং অ্যান্ড ডেভেলপমেন্ট (Arbor Housing and Development)।

20 মিলিয়ন মার্কিন ডলারের রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসের স্টেট অর্থায়নে রয়েছে 7.5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low Income Housing Tax Credits), এবং নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল থেকে 5.8 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ (New York State Parks, Recreation and Historic Preservation) স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিট (State and Federal Historic Rehabilitation Tax Credits) হিসেবে 5.7 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দিয়েছে। নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ আবাসন

কর্মসূচি (New Construction Housing Program) প্রণোদনা হিসেবে 41,000 মার্কিন ডলার প্রদান করেছে।

অঞ্চলের সাউদার্ন টিয়ার সোরিং পুনরুজ্জীবন পরিকল্পনাকে বলিষ্ঠ করার পাশাপাশি, সিটিকে কর্মীবাহিনীর আবাসনের একটি চাহিদা পূরণ করতে সাহায্য করার মাধ্যমে নতুন হাউজিং ডেভেলপমেন্টটি এলমিরার ডাউনটাউন স্টেটের 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ বিনিয়োগের সাথে সামঞ্জস্যপূর্ণ।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ঐতিহাসিক এই চারটি ভবন পুনরুজ্জীবিত করার মাধ্যমে রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টস এলমিরার ইতিহাসের অংশকে সংরক্ষণ করছে এবং 41টি সাশ্রয়ী ও সমর্থক বাসা দিয়ে সিটির আবাসন সরবরাহ বৃদ্ধি করতে এই বিদ্যমান কাঠামোসমূহকে নতুন উদ্দেশ্য ব্যবহার করছে। জীবন পরিবর্তনকারী এই ডেভেলপমেন্টের কাজ শেষ করার জন্য আর্বার হাউজিং অ্যান্ড ডেভেলপমেন্টে আমাদের অংশীদারদের কে ধন্যবাদ, এবং বাসিন্দাদের জন্য ফলপ্রসূ হয় এমন প্রকল্পে অভীষ্ট বিনিয়োগের মাধ্যমে ডাউনটাউন এলমিরার পুনরুজ্জীবনের প্রতি তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহ ঐতিহাসিক সম্পত্তি দ্বারা সমৃদ্ধি, যার কিছু দীর্ঘদিন ধরে খালি বা অল্প ব্যবহার হয়ে আসছে। এগুলি শুধু এলাকার চরিত্রে অবদান রাখে না, বরং তারা সম্ভবনার মশালও। ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিট কর্মসূচির মতো কর্মসূচির মাধ্যমে গভর্নরের সাশ্রয়ী আবাসন উদ্যোগকে অগ্রসর করার প্রকল্পে অংশীদারিত্ব করতে পেরে এবং আমাদের সম্প্রদায়ে পুনরায় বিনিয়োগ করার ক্ষেত্রে নির্মাতাদের সাহায্য করতে সৃজনশীল পন্থা বের করার জন্য আমরা গর্বিত। বর্তমানের প্রয়োজন পূরণ করতে ঐতিহাসিক সম্পত্তিকে অনলাইনে ফেরত আনা হলে তা নিউ ইয়র্কবাসীকে বর্তমানে এবং ভবিষ্যতে সাহায্য করবে।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসের কাজ সম্পূর্ণ হওয়ার ফলে শেমাঙ্গ কাউন্টির বাসিন্দাদের কাছে এখন এমন সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ রয়েছে যা আরো নিরাপদ ও আরামদায়ক বসবাসের অভিজ্ঞতা প্রদান করার জন্য এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, উচ্চ পারফর্ম্যান্স জানালা, পরিচ্ছন্ন হিটিং ও কুলিং সরঞ্জাম ইত্যাদি শক্তি দক্ষ বৈশিষ্ট্যকে অন্তর্গত করে। আমরা যখন ভবন তেকে নিঃসরণ হ্রাস করতে এবং বসবাসের জন্য আরো স্বাস্থ্যকর স্থান তৈরি করতে কাজ করছি, তখন স্টেটের পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগে সমতা নিশ্চিত করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির একটি প্রতিনিধি হলো এই প্রকল্প।"

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "এই চারটি ঐতিহাসিক সম্পত্তির সংস্কার গৃহহীনতায় ভুগতে থাকা পরিবারসমূহকে অতি প্রয়োজনীয় সমর্থক সেবাসম্পন্ন স্থিতিশীল সাশ্রয়ী আবাসন প্রদান করে যা পরিবারগুলির জন্য এলমিরাতে ভালোভাবে বেঁচে থাকা সম্ভব করে। পরিবারের জন্য স্থায়ী সমর্থক আবাসন বিকল্পের

সরবরাহ বৃদ্ধি করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে গৃহহীনতার চক্র ভাঙ্গতে সাহায্য করার জন্য রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসের মতো প্রকল্পের জন্য গভর্নরের সমর্থনের আমি প্রশংসা করছি।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "রেনল্ডস ওয়ে প্রকল্পটি দেখায় যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি সম্প্রদায়সমূহে কতটা প্রভাব ফেলতে পারে। বিনিয়োগকারীরা প্রবৃদ্ধি ও অগ্রগতির লক্ষণ দেখলে তারা সেই কর্মকাণ্ডের অংশ হতে চায়। এই কর্মসূচিটি হলো একটি সম্প্রদায়ে অর্থনৈতিক কর্মকাণ্ড ধারণ করার জন্য সরকারি ও বেসরকারি বিনিয়োগ কাজে লাগানোর একটি নিখুঁত উদাহরণ। পাশাপাশি, প্রকল্পটি গভর্নর হোকলের আবাসন অগ্রাধিকারকে সমর্থন করে। এটি সকলের জন্য বিজয়।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "নিরাপদ, সাশ্রয়ী আবাসনের সুযোগ পাওয়া সকল এলমিরা বাসিন্দার প্রাপ্য, এবং আমি যেই ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট সম্প্রসারিত করতে জোর লড়াই করেছি তা যে এলমিরার ডাউনটাউনে বাসিন্দা ও পরিবারে রজনী দীর্ঘদিনের প্রতীক্ষিত সাশ্রয়ী, অ্যাক্সেসিবল অ্যাপার্টমেন্টের সম্পূর্ণ সংস্কার কাজে প্রয়োজনীয় কয়েক মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে তার জন্য আমি গর্বিত। মুদ্রাস্ফীতির একটি মুখ্য বিভাজক হলো আবাসনের উচ্চমূল্য তাই আমাদেরকে এইসব অধিক মূল্য কমিয়ে আনার জন্য অবশ্যই আরো আবাসন নির্মাণ করতে হবে। পুরো এম্পায়ার স্টেটে সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি, এবং সাউদার্ন টিয়ারে আরো উজ্জ্বল একটি ভবিষ্যতের ভিত্তি নির্মাণ করার জন্য ফেডারেল সংস্থান পরদিন করতে আমি সবসময় কাজ করে যাবো।"

স্টেটের সিনেটর টম ও'মারা বলেন, "আমাদের সম্প্রদায়ে মানসম্পন্ন সাশ্রয়ী আবাসনে স্টেটের বিনিয়োগ এলাকার বুননকে বলীয়ান করে এবং এলমিরা সিটি ও পুরো অঞ্চল ও স্টেটের বিভিন্ন সম্প্রদায়ে বাসিন্দা ও পরিবারের জীবনযাত্রার মান উন্নত করে। রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টসের উদ্বোধন অতি গুরুত্বপূর্ণ স্বল্প ও দীর্ঘমেয়াদি লাভ নিয়ে আসবে যা নিজেদের জীবনের নিয়ন্ত্রণ ফেরত নিতে এবং নিজেদের ও বৃত্তর সম্প্রদায়ের জন্য আরো মজবুত একটি ভবিষ্যত গঠনে এর বাসিন্দাদের এবং তাদের পরিবারকে সাহায্য করবে।"

এলমিরা সিটির মেয়র ড্যান ম্যান্ডেল বলেন, "আর্বার হাউজিং অ্যান্ড ডেভেলপমেন্টের অধীনে রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্ট প্রকল্পের কাজ শেষ হতে দেখে আমি অত্যন্ত খুশি। এককালে জর্জরিত সম্পত্তিকে সম্প্রদায়ের জন্য অতি প্রয়োজনীয় আবাসনে রূপান্তরিত করা এই ডাউনটাউন এলাকার উপর একটি অত্যন্ত ইতিবাচক প্রভাব ফেলবে। প্রকল্পটি সিটির পরিকল্পনা প্রয়াসসমূহের সাথে ভালোভাবে সামঞ্জস্যপূর্ণ, যার মধ্যে রয়েছে ফর্মভিত্তিক জোনিং কোড যা ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অধীনে হালনাগাদ করা হয়েছে। রূপান্তরমূলক এই প্রকল্পকে বাস্তব করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট হোম ও কমিউনিটি রিনিউয়াল; নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন, এবং ঐতিহাসিক সংরক্ষণ; NYSERDA; এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন; এবং আমাদের বহু স্থানীয় ডেভেলপমেন্ট অংশীদারদের প্রতি অনেক ধন্যবাদ।"

আর্বার হাউজিং অ্যান্ড ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা সুসান বুল বলেন, "এলমিরার বাসিন্দারা যাতে নিরাপদ, সাশ্রয়ী, এবং সমর্থক আবাসের মাধ্যমে উন্নত জীবনযাত্রার মান বাস্তব করতে পারে তার জন্য এই চারটি ভবনকে ব্লাইট থেকে সঠিক করার দারুণ দলের এবং হতে পেরে আর্বার হাউজিং অ্যান্ড ডেভেলপমেন্ট সম্মানিত হয়েছে।"

সাউদার্ন টিয়ার সোরিংকে (Southern Tier Soaring) ত্বরান্বিত করা
আজকের ঘোষণাটি "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক, যা বলিষ্ঠ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের বিকাশ সৃষ্টি করতে অঞ্চলটির সার্বিক কৌশল। আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাটির উদ্দেশ্য একটি মেধাবী কর্মীবাহিনীকে আকৃষ্ট করা, ব্যবসার বিকাশ করা এবং পরবর্তী প্রজন্মের উদ্ভাবনকে চালিত করা। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন